

## সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৮. রমাযান মাসের ক্লিয়াম সম্পর্কে

# باب فِي قِيَامِ شَهْرِ رَمَضانَ

### আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ، وَمُحَمَّدُ بْنُ الْمُتَوَكِّلِ، قَالَا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرُ، \_ قَالَ الْحَسَنُ فِي حَدِيثِهِ وَمَالِكُ بْنُ أَنَسٍ \_ عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ : كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُرَغِّبُ فِي قِيَامِ رَمَضَانَ مِنْ غَيْرِ أَنْ يَأْمُرَهُمْ بِعَزِيمَةٍ ثُمَّ يَقُولُ " مَنْ قَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ ". يَأْمُرَهُمْ بِعَزِيمَةٍ ثُمَّ يَقُولُ " مَنْ قَامَ رَمَضَانَ إِيمَانًا وَاحْتِسَابًا غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ ". فَتُوفِي وَلَهُ إِللهُ عليه وسلم وَالأَمْرُ عَلَى ذَلِكَ ثُمَّ كَانَ الأَمْرُ عَلَى ذَلِكَ فِي خَلَافَةٍ أَبِي بَكْرٍ \_ رضى الله عنه \_ وصَدْرًا مِنْ خِلَافَةٍ عُمَرَ رضى الله عنه . خِلَافَةٍ أَبِي بَكْرٍ \_ رضى الله عنه . وصَدرًا مِنْ خِلَافَةٍ عُمَرَ رضى الله عنه . صحيح : ق، لكن خ جعل قوله : (فَتُوفِقِي رَسُولُ اللهِ...) من كلام الزهري

قَالَ أَبُو دَاؤُدَ: وَكَذَا رَوَاهُ عُقَيْلٌ وَيُونُسُ وَأَبُو أُويْسٍ " مَنْ قَامَ رَمَضَانَ ". وَرَوَى عُقَيْلٌ " مَنْ صَامَ رَمَضَانَ وَقَامَهُ ".

\_ حسن صحيح

#### বাংলা

১৩৭১। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযান মাসের কিয়ামে খুবই উৎসাহী ছিলেন। তবে তিনি এ ব্যাপারে লোকদের প্রতি কঠোর নির্দেশ দিতেন না। তিনি বলতেনঃ যে ব্যক্তি ঈমানের সাথে সওয়াবের আশায় রমযানের রাতে সালাতে দাঁড়ায়, তার অতীতের গুনাহ ক্ষমা করে দেয়া হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকাল পর্যন্ত এর বিধান এরূপই থাকলো। অতঃপর আবৃ বকর (রাঃ) এর পূর্ণ খিলাফাত ও 'উমার (রাঃ) এর খিলাফাতের প্রথম দিকেও এ নিয়ম চালু থাকে।[1]



সহীহ : বুখারী ও মুসলিম। কিন্তু বুখারীতে ''রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকাল পর্যন্ত ...'' অংশটুকু যুহরীর বক্তব্য হিসেবে এসেছে।

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, অনুরূপ বর্ণনা করেছেন 'উক্লাইল, ইউনুস ও আবৃ উওয়ায়স। তবে তাতে রয়েছে, 'যে ব্যক্তি রমাযানে সওম পালন ও ক্লিয়াম করে'।

হাসান সহীহ।

## **English**

#### Narrated Abu Hurairah:

The Messenger of Allah (ﷺ) used to commend prayer at night during Ramadan, but did not command it as duty. He would say: If anyone prays during the night in Ramadan because of faith and seeking his reward from Allah, his previous sins will be forgiven for him. When the Messenger of Allah (ﷺ) died, this was the practice, and it continued thus during Abu Bakr's caliphate and early part of 'Umar's.

Abu Dawud said: This tradition has been transmitted by 'Uqail, Yunus, and Abu Uwais in like manner. The version of 'Uqail goes: He who fasts during Ramadan and prays during the night.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : লাইলতুল রুদরের ফাযীলাত, অনুঃ রুদরের রাত, হাঃ ২০১৪), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ রমাযান মাসের রাতের বেলায় 'ইবাদাত করা তথা তারাবীহ সালাত আদায়ের প্রতি উৎসাহ দান)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন